



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
১৩২ নিউ ইন্সটন, ঢাকা-১০০০।
www.bnswc.gov.bd

নং-৪১.০৩.০০০০.০৮১.৩২.০৪৬.১৬-৫৬৪

তারিখ : ১৯-০৯-২০১৬।

অনুদানের আবেদন আহ্বান

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ২০১৬-২০১৭ অর্থবছরে এককালীন আর্থিক অনুদান বিতরণ করা হবে। এজন্য সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধিত সক্রিয় এবং সমাজকল্যাণ কাজে অবদান রাখছে এমন স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরম পরিষদের ওয়েব সাইট (www.bnswc.gov.bd) হতে ডাউনলোড করে আবেদন করা যাবে। ফরমের ফটোকপিও ব্যবহার করা যাবে। 'আবেদন ফি' বাবদ নির্ধারিত অর্থ আবেদন জমা দেয়ার সময় পরিশোধ করতে হবে। 'আবেদন ফি'র পরিমাণ স্বীকৃতিপ্রাপ্ত জাতীয় পর্যায়ে প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা, রোগীকল্যাণ সমিতি, শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদ, অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি এবং সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা। আবেদন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজপত্রসহ সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয়ে ৩১ অক্টোবর, ২০১৬ তারিখের মধ্যে জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

(মোহাম্মদ ইব্রাহিম খালিল)
নির্বাহী সচিব(যুগ্মসচিব)

ফোন : ৯৩৪৮১২৫।

e.mail : bnswcbd@gmail.com